



পশ্চিমবঙ্গ উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদ

বিদ্যাসাগর ভবন

৯/২, ব্লক-ডি.জে. সেক্টর-২, সল্টলেক, কলকাতা-৭০০০৯১

নং- L/PR/120/2020

তারিখ: 26/06/2020

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রায় ৩ মাস ধরে উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ দেশের ও রাজ্যের করোনা পরিস্থিতি, বিভিন্ন আদালতে সংশ্লিষ্ট পর্যবেক্ষণ এবং শিক্ষার্থীদের স্বাস্থ্যবিধির দিকে তীক্ষ্ণ নজর রেখে চলেছে এবং নিয়মিত আলোচনাও চালিয়েছে। সেই পরিপ্রেক্ষিতে মাননীয় সুপ্রিম কোর্টের ২৬ জুন ২০২০-র রায়ের সঙ্গে সংগতি রেখে এবং উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদ গঠিত শিক্ষা বিষয়ক বিশেষজ্ঞ কমিটির সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত সিদ্ধান্তগুলি গৃহীত হল:

ক) উচ্চমাধ্যমিকের বাকি পরীক্ষাগুলি (২, ৬, ৮ জুলাই ২০২০) বাতিল করা হল।

খ) উচ্চমাধ্যমিক পরীক্ষার বাতিল পরীক্ষাগুলির মূল্যায়ন পদ্ধতির ক্ষেত্রে পরীক্ষার্থী ইতিমধ্যে সম্পন্ন বিষয়গুলির লিখিত পরীক্ষাতে যে নম্বর পেয়েছে তার সর্বোচ্চটিকে বাতিল পরীক্ষার লিখিত অংশের প্রাপ্ত নম্বর হিসেবে গ্রহণ করা হবে। প্রয়োজনে, শতকরা হারে ঐ বিষয়ে নম্বর পরিগণিত হবে।

গ) এই প্রক্রিয়াটি উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদের মাধ্যমে দ্রুত সম্পন্ন করা হবে। আগামী জুলাই মাসের মধ্যে ২০২০ সালের উচ্চমাধ্যমিক পরীক্ষার ফলাফল প্রকাশের চেষ্টা করা হবে।

ঘ) যে পদ্ধতিতে পরীক্ষার্থীদের মূল্যায়ন করা হচ্ছে সেই পদ্ধতিতে প্রাপ্ত নম্বরে যদি কোনো পরীক্ষার্থী অসন্তুষ্টি বোধ করে, তাহলে পরিস্থিতি স্বাভাবিক হলে শুধুমাত্র ঐ পরীক্ষার্থীদের জন্য কেবল বাকি বিষয়গুলির লিখিত পরীক্ষার ব্যবস্থা করা হবে। ঐ পরীক্ষাটিতে যে নম্বর সে পাবে, সেটিই চূড়ান্ত এবং অপরিবর্তনীয়।

ঙ) উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদ এই পরীক্ষা তখনই গ্রহণ করবে যখন পরিস্থিতি 'স্বাভাবিক' হবে। সেই অনুযায়ী উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদ যথাসময়ে ইচ্ছুক পরীক্ষার্থীদের জন্য বাকী লিখিত পরীক্ষার দিনসংক্রান্ত ও নির্দিষ্ট নিয়মাবলী প্রকাশ করবে।

সভাপতি

পঃবঃ উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদ